দৈনিক বাংলা

৮৮-081

তারিখ ...২৪।১১।৭৯...
পৃষ্ঠা... ... ...কলাম... ...

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা

(সংবাদদাতা)

চট্টগ্রাম, ২৭শে নবেম্বর।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার জানিয়েছেন যে, আগামী ৪ঠা ডিসেম্বর, মঙ্গলবার সকাল ১০টায় কলা ভবনের ১২১ ও ২২৬ নং কক্ষে ১৯৭৯-৮০ প্রথম বর্ষ বাংলা সম্মান শ্রেণীতে ভর্তির জন্য ২ ঘন্টাব্যাপী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ইংরেজী সম্মান শ্রেণীতে ভর্তির জন্য লিখিত ভর্তি পরীক্ষা ৩রা ডিসেম্বর সকাল ১০টায় অনুষ্ঠিত হবে। আগামী ১০ই ও ১১ই ডিসেম্বর সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত প্রার্থীদের মৌখিক পরীক্ষা হবে।

সংবর্ধনা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলের নতুন প্রধাক্ষের সম্মানে রোববার হলের ছাত্রীরা এক সংবর্ধনার আয়োজন করে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ রেজিস্ট্রার জনাব আবু হেনা মোঃ মোহসীন। মিস মুসাফিক হোসেনাইন মানপত্র পাঠ করেন। হলের হাউজ টিউটর জনাব আনিসুল ইসলাম সাহেব এতে সভাপতিত্ব করেন। সংবর্ধনা অনুষ্ঠান শেষে গীতিনকশা পরিবেশন ও ভোজের ব্যবস্থা করা হয়।